**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**শেরে বাংলা নগর,ঢাকা।**
erd.gov.bd

# মিডিয়া রিলিজ

## সরকার স্বল্পোন্নত দেশ হতে মসৃণ ও টেকসই উত্তরণ নিশ্চিতকরণের উপর সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করছে

**ঢাকা, ২৩ শে জুন ২০২১:** প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস বলেছেন যে বাংলাদেশ সরকার তার জাতীয় পরিকল্পনাসমূহে স্বল্পোন্নত দেশ হতে একটি মসৃণ ও টেকসই উত্তরণ নিশ্চিতকরণের উপর সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করছে এবং সেই অনুযায়ী পরিকল্পনাসমূহ বাস্তবায়ন করছে।

"সেই লক্ষ্যে আমরা টেকসই উত্তরণ প্রক্রিয়াকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল অংশীদারদের সাথে নিয়ে একটি কার্যকর প্লাটফর্ম প্রস্তুত করেছি", আজ বুধবার 'Graduation of Bangladesh from the least developed country (LDC) category and smooth transition towards sustainable development' শীর্ষক অনলাইন সভায় প্রধান অতিথির বক্তব্য প্রদানকালে তিনি এই কথা বলেন।

বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ই আর ডি), জাতিসংঘের অঙ্গ সংস্থা ইউ এন ও এইচ আর এল এল এস এবং জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সি ডি পি) যৌথভাবে উক্ত সভার আয়োজন করে।

স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের ক্ষেত্রে বাংলাদেশের অগ্রাধিকারের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং একটি মসৃণ ও টেকসই উত্তরণ নিশ্চিতকরণে আন্তর্জাতিক সম্প্রদায়ের নিকট হতে যে ধরনের সহায়তাসমূহ প্রয়োজন হবে তা চিহ্নিতকরণের লক্ষ্যে উক্ত সভাটি আয়োজন করা হয়।

অনুষ্ঠানের উদ্বোধনী অধিবেশনে আরও বক্তব্য রাখেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এস ডি জি বিষয়ক) মিজ জুয়েনা আজিজ, ইউ এন ও এইচ আর এল এল এস এর পরিচালক এবং স্বল্পোন্নত দেশ হতে উত্তরণে সহায়তা সংক্রান্ত জাতিসংঘের ইন্টার এজেন্সী টাস্ক ফোর্স (আই এ টি এফ)-এর সভাপতি মিজ হাইডি শ্রডেরাস-ফক্স এবং জাতিসংঘ সি ডি পি-এর সদস্য ও স্বল্পোন্নত দেশ সংক্রান্ত সাবগ্রুপের সভাপতি মিঃ টাফেরে টেস্ফাশিউ।

কর্মশালায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া। একই সাথে সহ-সভাপতিত্ব করেন কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি-এর সচিব মিঃ রোলান্ড মোলেরাস।

সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহ, জাতিসংঘের অঙ্গ সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থা ও বাণিজ্যিক অংশীদারবৃন্দ এবং বেসরকারি খাতের প্রতিনিধিবৃন্দ উক্ত সভায় অংশগ্রহণ করেন।

উল্লেখ্য যে বাংলাদেশ গত ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিতব্য সি ডি পি এর সর্বশেষ ত্রিবার্ষিক পর্যালোচনা সভায় দ্বিতীয়বারের মতো স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের সকল মানদন্ড পূরণে সক্ষম হয়েছে এবং উত্তরণের সুপারিশ প্রাপ্ত হয়েছে। কোভিড-১৯ সৃষ্ট বৈশ্বিক মহামারীর প্রেক্ষাপটে সি ডি পি উক্ত পর্যালোচনা সভায় বাংলাদেশ সহ অন্যান্য উত্তরণরত দেশসমূহকে ২০২১ থেকে ২০২৬ সাল পর্যন্ত পাঁচ বছরব্যাপী প্রস্তুতিমূলক সময় প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রস্তুতিমূলক এই সময়ে সি ডি পি উত্তরণরত দেশসমূহকে নিবিড় নিরীক্ষণ, পর্যালোচনা ও অন্যান্য প্রস্তুতিমূলক কর্মকান্ডে প্রয়োজনানুযায়ী কারিগরি সহায়তা প্রদান করবে।

প্রস্তুতিকালীন এই সময়ে বাংলাদেশ উন্নয়ন ও বাণিজ্যিক অংশীদারদের সহযোগিতায় এবং জাতিসংঘের বিভিন্ন অঙ্গসংস্থা যেমন স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ সংক্রান্ত ইন্টার এজেন্সী টাস্ক ফোর্স (আই এ টি এফ)-এর সদস্যদের কারিগরি সহায়তায় একটি smooth transition strategy প্রস্তুত করবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**শেরে বাংলা নগর,ঢাকা।**
erd.gov.bd

আশা করা যায় যে উপরোক্ত নীতিমালাটি আসন্ন সময়গুলোতে একটি টেকসই ও মসৃণ উত্তরণের ভিত প্রস্তুত করণে সহায়তা করবে এবং উত্তরণ পরবর্তী সময়ে স্বল্পোন্নত দেশ হিসেবে প্রাপ্ত আন্তর্জাতিক সুবিধাসমূহ ক্রমশ উঠে গেলেও যাতে দেশের চলমান উন্নয়ন প্রক্রিয়া ব্যাহত না হয় তা নিশ্চিত করতে সহায়তা করবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ই আর ডি) সংশ্লিষ্ট সকল অংশীদারদের সাথে নিয়ে উক্ত smooth transition strategy প্রস্তুতের প্রক্রিয়াটি সমন্বয় করবে।

সভাটি দুইটি কর্ম অধিবেশনে বিভক্ত ছিল। প্রথম কর্ম অধিবেশনটির মূল প্রতিপাদ্য ছিল 'Preparing for Graduation and Smooth Transition and Support'। উক্ত কর্ম অধিবেশনে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব জনাব তপন কান্তি ঘোষ উত্তরণের চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে বক্তব্য রাখেন। একই অধিবেশনে ই আর ডি সচিব মিজ ফাতিমা ইয়াসমিন 'Planned Strategy for Smooth Graduation' বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করেন। এছাড়া সি ডি পি সচিবালয়ের মিঃ মাথায়াস ব্রাকনার 'Preparing for Graduation and Smooth Transition – what next after CDP recommendation' বিষয়ে এবং মিজ মেরিসিনি বোয়ের 'New Sustainable Graduation Support Facility' বিষয়ে দুইটি প্রথক উপস্থাপনা প্রদান করেন।

সভার দ্বিতীয় কর্ম অধিবেশনের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'Results of a Survey on Assistance Measures for LDC graduation in Bangladesh'। এই অধিবেশনে কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি-এর সদস্য ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য 'CDP's Contribution to the Fifth UN Conference on LDCs and Global Support Measures' বিষয়ে বক্তব্য রাখেন। ইউ এন ডেসা- এর পরামর্শক ডঃ ফাহমিদা খাতুন 'Assistance Measures for LDC graduation in Bangladesh– Key Findings and Recommendations' শীর্ষক একটি খসড়া জরিপ প্রতিবেদনের উপর উপস্থাপনা প্রদান করেন।

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য প্রফেসর ডঃ শামসুল আলম, পররাষ্ট্র সচিব জনাব মাসুদ বিন মোমেন, পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য মিজ শরিফা খান এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী উক্ত অধিবেশনে বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া তাঁর বক্তব্যে সভায় উপস্থিত জাতিসংঘের প্রতিনিধিবৃন্দকে তাঁদের ইতিবাচক মন্তব্যের জন্য ধন্যবাদ জানান। তিনি আরও আশা প্রকাশ করেন যে দুই পক্ষ সামনের দিনগুলোতে বাংলাদেশের টেকসই উত্তরণ নিশ্চিতের লক্ষ্যে একসঙ্গে কাজ করে যাবে।

**End**

*For further information, please contact: Mehdi Musharraf Bhuiyan, Communication Specialist, SSGP, ERD via e-mail: mehdi.ldcgraduation@gmail.com or mob- 88 01715111313*